

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ০৮ মাঘ ১৪২০/২১ জানুয়ারি ২০১৪

নম্বর: ০৪.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.০৫৫—স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু আলম মোঃ শহিদ খান দীর্ঘ ৩১ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৭ জানুয়ারি ২০১৪ তারিখে অবসর গ্রহণ করেন। কর্মজীবনে তিনি আন্তরিকতা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। তিনি দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে সক্ষম ছিলেন। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য জনাব আবু আলম মোঃ শহিদ খানকে ধন্যবাদ জ্ঞাপন এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ০৩ মাঘ ১৪২০/১৬ জানুয়ারি ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

২। জনাব আবু আলম মোঃ শহিদ খানকে ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ০৩ মাঘ ১৪২০/১৬ জানুয়ারি ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররাফ হোসাইন ভূইঞা

মন্ত্রিপরিষদ সচিব

( ৪৯৭ )

মূল্য : টাকা ৪.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা :  $\frac{০৩ \text{ মাঘ } ১৪২০}{১৬ \text{ জানুয়ারি } ২০১৪}$

স্থানীয় সরকার বিভাগের সচিব জনাব আবু আলম মোঃ শহিদ খান দীর্ঘ ৩১ বৎসর সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ১৭ জানুয়ারি ২০১৪ তারিখে অবসর গ্রহণ করছেন। কর্মজীবনে তিনি আন্তরিকতা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। তিনি দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়নে সক্ষম ছিলেন। দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা জনাব আবু আলম মোঃ শহিদ খানকে ধন্যবাদ জানাচ্ছে এবং আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তিনি দেশের সেবায় নিয়োজিত থাকবেন।